

24

আসকের কাগজ

16 SEP 1996

৩

ছাত্র সংঘর্ষের আশংকায় বিআইটি খুলনা বন্ধ ঘোষণা

খুলনা থেকে ওয়াশেদ-উজ-জামানঃ
ছাত্র সংঘর্ষের আশংকায় বিআইটি
খুলনা অনির্দিষ্টকালের জন্যে বন্ধ
ঘোষণা করা হয়েছে। গতকাল বেলা
২টার মধ্যে ছাত্রাবাসগুলো ছাত্ররা খালি
করে দেয়ার পর বর্তমানে পুরো
ক্যাম্পাসে পুলিশ মোতায়েন করা
হয়েছে। জানা গেছে, ১২ সেপ্টেম্বর
ছাত্রদল সভাপতি শহীদউদ্দিন এ্যানির
একটি পোস্টার ছেড়াকে কেন্দ্র করে ওই
দিন রাত থেকে ক্যাম্পাসে ছাত্রদল-
ছাত্রলীগের মধ্যে উত্তেজনা বাড়তে
থাকে। পরের দিন ১৫ আগস্ট জাতীয়
শোক দিবসের একটি পোস্টার ছেড়া
হলে উত্তেজনা আরো বাড়তে থাকে।
গতকাল সকালে কলেজ গেটে
কয়েকজন ছাত্র প্রহৃত হওয়ার পর
ছাত্রদল-ছাত্রলীগ সংঘর্ষের আশংকায়
কর্তৃপক্ষ অনির্দিষ্টকালের জন্যে বন্ধ
কলেজ ঘোষণা করেছে। বর্তমানে
ফুলবাড়ী এলাকায় চরম উত্তেজনা
বিরাজ করছে।